শেনঝেন-সাংহাই কনসোর্টিয়ামের সঙ্গে ডিএসইর চুক্তি সম্পন্ন

ডিমিউচুয়ালাইজেশন প্রক্রিয়ার শর্ত মোতাবেক কৌশলগত অংশীদারের সঙ্গে চূড়ান্ত চুক্তি সম্পন্ন করেছে দেশের প্রধান পুঁজিবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) কর্তৃপক্ষ। গতকাল সন্ধ্যায় রাজধানীর লা মেরিডিয়ান হোটেলে ব্লকড অ্যাকাউন্টে রক্ষিত ডিএসইর ২৫ শতাংশ শেয়ার কেনার চুক্তিতে সই করেন চীনা কনসোর্টিয়াম ও ডিএসইর শীর্ষ কর্মকর্তারা। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান অধ্যাপক ড. এম খায়রুল হোসেনের উপস্থিতিতে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে শেনঝেন স্টক এক্সচেঞ্জের প্রেসিডেন্ট ও সিইও ওয়াং জিয়ানজুন, কনসোর্টিয়ামের আরেক অংশীদার সাংহাই স্টক এক্সচেঞ্জের সুপারভাইজরি বোর্ডের চেয়ারম্যান পেন শুয়েশিয়ান, ডিএসইর চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল হাশেম, ব্যবস্থাপনা পরিচালক কেএএম মাজেদুর রহমানসহ দেশের পুঁজিবাজারের সব স্টেকহোল্ডারের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। http://bonikbarta.net

শেয়ার বেচাকেনা করবেন এনসিসি ব্যাংকের দুই উদ্যোক্তা

বাজারদরে সাড়ে তিন লাখ শেয়ার কেনার ঘোষণা দিয়েছেন ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স (এনসিসি) ব্যাংক লিমিটেডের উদ্যোক্তা আনোয়ারা আখতার। এদিকে হাতে থাকা ২ লাখ ৯৭ হাজার ৩০৪টি শেয়ারের মধ্যে ৫০ হাজার শেয়ার বেচে দেয়ার ঘোষণা দিয়েছেন ব্যাংকটির আরেক উদ্যোক্তা মিনহাজ কামাল খান। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে জানা গেছে, ৩০ কার্যদিবসের মধ্যে এ ক্রয়-বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন হবে। সম্প্রতি মিনহাজ কামাল খান এনসিসি ব্যাংকের আরো ৫০ হাজার শেয়ার বিক্রি করেছেন। ৩১ ডিসেম্বর সমাপ্ত ২০১৭ হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে ১৩ শতাংশ নগদ লভ্যাংশ সুপারিশ করেছে এনসিসি ব্যাংকের পরিচালনা পর্ষদ। গেল বছর কোম্পানিটির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ২ টাকা ৯ পয়সা। ৩১ ডিসেম্বর ব্যাংকটির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়ায় ১৯ টাকা ৪৬ পয়সায়। নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, লভ্যাংশ ও অন্যান্য এজেন্ডা অনুমোদনের জন্য ৩০ জুলাই বেলা ১১টায় ঢাকা ক্যান্টনমেন্টের সেনামালঞ্চে বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজন করবে ব্যাংকটি। এজন্য রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ৩০ মে।http://bonikbarta.net

বাজেট ব্যয়ের গুণগত মান বাড়াতে হবে

কয়েক বছর ধরে ঘোষিত উচ্চ প্রবৃদ্ধির বাজেটের আকার দেশের জনসংখ্যা ও মোট অভ্যন্তরীণ উৎপাদন (জিডিপি) অনুপাতেই হচ্ছে। তবে উন্নয়ন কর্মসূচি ও অন্যান্য খাতে বাজেট ব্যয়ের গুণগত মানে পরিবর্তন আনতে হবে। পাশাপাশি উন্নয়ন প্রকল্পে সময়ক্ষেপণ বন্ধ ও রাজস্ব আইনকে বিনিয়োগবান্ধব করা দরকার। গতকাল রাজধানীর সিএ ভবনে ‘কেমন জাতীয় বাজেট চাই’ শীর্ষক এক গোলটেবিল বৈঠকে এসব কথা বলেন দেশের প্রথিতযশা অর্থনীতিবিদ, ব্যবসায়ী ও পেশাদার হিসাববিদরা। দি ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) ও দৈনিক প্রথম আলো যৌথভাবে এ বৈঠকের আয়োজন করে। আইসিএবির

প্রেসিডেন্ট দেওয়ান নুরুল ইসলামের সভাপতিত্বে বৈঠকে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের জ্যেষ্ঠ সচিব ড. শামসুল আলম। সঞ্চালনা করেন আইসিএবির কাউন্সিল সদস্য হুমায়ুন কবির।http://bonikbarta.net

ফুজিফিল্মের সঙ্গে একীভূত হচ্ছে না জেরক্স

জাপানের ফুজিফিল্মের সঙ্গে একীভূতকরণ চুক্তি বাতিলের ঘোষণা দিয়েছে মার্কিন ফটোকপিয়ার ও প্রিন্টার নির্মাতা জেরক্স। একই সঙ্গে নতুন প্রধান নির্বাহী নিয়োগেরও ঘোষণা দিয়েছে কোম্পানিটি। অধিগ্রহণের বিরোধিতাকারী অংশীদারদের সঙ্গে একটি সমঝোতার পর রোববার এ ঘোষণা দেয় জেরক্স। খবর এএফপি। নিজস্ব ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতিতে জেরক্স ফুজিফিল্ম নিয়ন্ত্রিত বিদ্যমান যৌথ উদ্যোগ ফুজি-জেরক্সের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে 'বিচ্যুতি'র কথা উল্লেখ করেছে। মার্কিন কোম্পানিটির প্রভাবশালী অংশীদার কার্ল আইকান ও ডারউইন ডেসনের মামলার পর একীভবন চুক্তি থেকে সরে এল জেরক্স। কোম্পানিটিতে কার্ল আইকান ও ডারউইন ডেসনের যৌথ অংশীদারিত্বের পরিমাণ ১৫ শতাংশের বেশি। চলতি বছরের জানুয়ারিতে একীভবনের ঘোষণা দেয়ার পর উভয় অংশীদার এর জোরালো বিরোধিতা করে। এদিকে কোম্পানির সিইও জেফ জ্যাকবসন পদত্যাগ করেছেন বলে বিবৃতিতে জানিয়েছে জেরক্স। জ্যাকবসনের পাশাপাশি আরো পাঁচজন পর্ষদ সদস্যেরও পদত্যাগ করার কথা জানানো হয়েছে। তাদের স্থলে নতুন সদস্যদের নেয়া হয়েছে বলে জেরক্স জানিয়েছে। http://bonikbarta.net

ব্লকচেইন প্রযুক্তির মাধ্যমে বাণিজ্য অর্থায়ন এইচএসবিসির

এইচএসবিসি হোল্ডিংস গতকাল জানিয়েছে, তারা ব্লকচেইন প্রযুক্তি ব্যবহার করে বিশ্বে প্রথমবারের মতো বাণিজ্য অর্থায়ন লেনদেন সম্পন্ন করেছে। আন্তর্জাতিক বাণিজ্যের কোটি কোটি ডলারের অর্থায়নে সক্ষমতা বৃদ্ধি এবং ভুল কমানোর ক্ষেত্রে এটিকে একটি বড় পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে। খবর রয়টার্স। এক বিবৃতিতে ব্রিটিশ প্রতিষ্ঠানটি জানায়, খাদ্য ও কৃষি গ্রুপ কারগিলের জন্য এইচএসবিসি ও ওলন্দাজ ব্যাংক আইএনজি একটি সফল লেনদেন সম্পন্ন করেছে। ব্যাংকিং খাতে ব্লকচেইন প্রযুক্তি ব্যবহারের ফলে ঋণপত্রে জালিয়াতিসহ লেনদেনে অন্যান্য ঝুঁকি এবং এ কার্যক্রমে বেশকিছু ধাপ কমানোর আশা করা হচ্ছে। আমদানিকারক ও রফতানিকারকের মধ্যে ঝুঁকি কমানোর ক্ষেত্রে ঋণপত্র অন্যতম বহুল ব্যবহৃত পদ্ধতি। এটি ২ ট্রিলিয়ন ডলারের বেশি মূল্যের লেনদেনে সাহায্য করলেও এ পদ্ধতি সম্পন্ন করতে প্রচুর নথি প্রয়োজন হয় এবং পুরো প্রক্রিয়াটি সম্পন্ন করতে পাঁচ থেকে ১০ দিন লেগে যায়। http://bonikbarta.net

ভারতে ১৩২ কোটি ৫০ লাখ কেজি চা উৎপাদন

দার্জিলিংয়ে উৎপাদিত চা ভারত থেকে রফতানি হওয়া চায়ের মধ্যে সবচেয়ে দামি। গত বছর পৃথক রাজ্যের দাবিতে গোর্খাদের টানা ধর্মঘটের কারণে ওই অঞ্চলটিতে পণ্যটির উৎপাদন মারাত্মকভাবে ব্যাহত হয়। তা সত্ত্বেও গত ২০১৭-১৮ অর্থবছরে চা উৎপাদনে রেকর্ড গড়েছে ভারত। এ সময়ে দেশটিতে ১৩২ কোটি ৫০ লাখ ৫০ হাজার কেজি চা উৎপাদন হয়েছে, যা এ যাবত্কালের সর্বোচ্চ। একই সময়ে ২৫ কোটি ৬৫ লাখ ৭০ হাজার কেজি চা রফতানি করেছে দেশটি। এর মাধ্যমে চার দশকের পুরনো রেকর্ড ভেঙে চা রফতানিতে নতুন রেকর্ড গড়েছেন ভারতীয় উৎপাদক ও রফতানিকারকরা। খবর ইকোনমিক টাইমস ও দ্য টেলিগ্রাফ। পরিমাণ বিবেচনায় এক বছরের ব্যবধানে ভারত থেকে চা রফতানি বেড়েছে ১২ দশমিক ৭১ শতাংশ। ২০১৬-১৭ অর্থবছরে দেশটি থেকে ২২ কোটি ৭৬ লাখ ৩০ হাজার কেজি চা রফতানি হয়েছিল। চা রফতানিতে ভারতের আগের রেকর্ড ছিল ২৪ কোটি ২৪ লাখ ২০ হাজার কেজির। ১৯৭৬-৭৭ অর্থবছরে দেশটি এ রেকর্ড গড়েছিল। http://bonikbarta.net